গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
"উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্প"
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

"শেখ হাসিনার বারতা নারী-পুরুষ সমতা"

স্মারক নং-৩২.০১.০০০০.০৪৭.১৬.০১৬.১৭-**১২৫** তারিখ: ১৮/০৯/২০১৯ খ্রিঃ।

বিষয়: আইজিএ প্রকল্পের বিভাগীয়/জেলা/উপজেলা পর্যায়ে প্রশিক্ষণার্থী ভর্তি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ" প্রকল্পের আওতায় ৮ টি বিভাগ ও ৬৪ টি জেলা শহরে ৪র্থ ব্যাচ এবং ৪২৬ টি উপজেলায় ৬ষ্ঠ ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। প্রশিক্ষণ কার্যক্রমটি আগামী ৩০/০৯/২০১৯ তারিখে শেষ হবে। পরবর্তীতে ০১/১০/২০১৯ তারিখ হতে বিভাগীয় ও জেলা পর্যায়ে ৫ম ব্যাচ এবং উপজেলা পর্যায়ে ৭ম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম শুরু হবে। গত ২৮/০৫/২০১৯ তারিখে অনুষ্ঠিত পিএসসি সভায় মহিলা বিষয়ক মন্ত্রণালয়ের প্রশিক্ষণ বাতায়নে প্রশিক্ষণার্থীদের তথ্য যথাযথ ভাবে সংরক্ষনের জন্য অন-লাইনে প্রশিক্ষণার্থী ভর্তির জন্য সফটওয়্যার প্রস্তুত করার জন্য সুপারিশ করেন। সে প্রেক্ষিতে অন-লাইনে প্রশিক্ষণার্থী ভর্তির জন্য **iga.dwa.gov.bd**-এ সাইটে প্রবেশ করে প্রস্তুতকৃত সফটওয়্যারটি ব্যবহার করা যাবে।

এমতাবস্থায়, আগামী ০১/১০/২০১৯ তারিখ হতে শুরু হওয়া বিভাগীয়/জেলা পর্যায়ে ৫ম ব্যাচের এবং উপজেলা পর্যায়ে ৭ম ব্যাচের প্রশিক্ষণার্থী ভর্তির জন্য অত্র প্রকল্পের প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি (**দৈনিক "জনকন্ঠ"** ও **"বাংলাদেশ প্রতিদিন"** পত্রিকায় প্রকাশিত) অনুসরন পূর্বক সফটওয়্যারের মাধ্যমে online-এ আবেদন পত্র গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তির নমুনা কপি।

১৮/৯/২০১৯

(শফিকুজ্জামান)
যুগ্মসচিব
ও
প্রকল্প পরিচালক
মোবাইলঃ ০১৫৫০-০২০৩০৩

১। উপ-পরিচালক/জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা)
২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)

অনুলিপি (সদয় জ্ঞতার্থে ও কার্যার্থে জ্যৈষ্ঠতার ভিত্তিতে নহে):

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। প্রোগ্রাম অফিসার, ওয়েবসাইট, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (ভর্তির বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩। মহাপরিচালক মহোদয়ের ব্যাক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

স্মারক নং: ৩২.০১.০০০০.০৪৭.২৯.০৬৫.১৮-১২৬

তারিখ: ১৮/০৯/২০১৯ খ্রি:।

প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ" শীর্ষক প্রকল্পের অধীনে ৮ টি বিভাগীয় শহর, ৬৪ টি জেলা শহর এবং ৪২৬ টি উপজেলায় নিম্ন বর্ণিত ট্রেডে দরিদ্র, সুবিধা বঞ্চিত (১৬-৪৫ বছর) মহিলাদের বিনামূল্যে আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী মহিলাদের নিকট থেকে ০১ অক্টোবর ২০১৯ হতে ৩১ ডিসেম্বর ২০১৯ পর্যন্ত অনুষ্ঠিতব্য প্রশিক্ষণের জন্য Online-এ আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ-

ট্রেডের নাম	প্রশিক্ষণের স্থান	প্রশিক্ষণের মেয়াদ	আসন সংখ্যা	বয়স সীমা	যোগ্যতা
১। টেইলারিং ২। ব্লক বাটিক ৩। বিউটিফিকেশন ৪। ক্রিস্টাল শোপিচ ও ডেকোরেটেড মোমবাতি ৫। মাশরুম চাষ, ভার্মি কম্পোষ্ট ও মৌচাষ ৬। ফ্যাশন ডিজাইন ৭। শতরঞ্জি ও হস্তশিল্প ৮। সেলসম্যানশীপ ও ফ্রন্টডেস্ক ম্যানেজমেন্ট ৯। মোবাইল সার্ভিসিং এন্ড রিপেয়ারিং ও কম্পিউটার সার্ভিসিং এন্ড রিপেয়ারিং।	উপজেলা পর্যায়ে	৩ মাস মেয়াদী ৬০ দিন ব্যাপী সর্বমোট: ৩৬০ ঘন্টা	প্রতি উপজেলায় ২টি ট্রেড প্রতি ট্রেডে ২৫ জন করে সর্বমোট (২৫ X ২) = ৫০ জন। **(উপজেলা ওয়ারী প্রশিক্ষণ ট্রেডের তালিকা ওয়েবসাইটে পাওয়া যাবে)**	১৬-৪৫ বৎসর	দরিদ্র ও সুবিধা বঞ্চিত নারী
১০। মোবাইল সার্ভিসিং এন্ড রিপেয়ারিং ও কম্পিউটার সার্ভিসিং এন্ড রিপেয়ারিং।	জেলা পর্যায়ে	৩ মাস মেয়াদী ৬০ দিন ব্যাপী সর্বমোট: ৩৬০ ঘন্টা	প্রতি জেলায় ৩০ জন	১৬-৪৫ বৎসর	দরিদ্র ও সুবিধা বঞ্চিত নারী
১১। মটর ড্রাইভিং।	বিভাগীয় পর্যায়ে	৩ মাস মেয়াদী ৬০ দিন ব্যাপী সর্বমোট: ৩৬০ ঘন্টা	প্রতি বিভাগে ৩০ জন	১৬-৪৫ বৎসর	দরিদ্র ও সুবিধা বঞ্চিত নারী

নিম্ন বর্ণিত শর্তাবলী ও নিয়মাবলী আবেদন ফরম পূরণ এবং প্রশিক্ষণে অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ

০১। প্রশিক্ষণে অংশগ্রহণ করতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীকে আইজিএ প্রকল্পের ওয়েবসাইট (iga.dwa.gov.bd) এর মাধ্যমে অনলাইনে প্রশিক্ষণে ভর্তির আবেদন করতে হবে। Online-এ আবেদনের নিয়মাবলী ওয়েবসাইটে দেয়া আছে। আবেদনের জন্য কোন ফি জমা দিতে হবে না। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

(ক) Online - এ আবেদনপত্র পূরণের তারিখ ও সময়ঃ ১৮/০৯/২০১৯ খ্রি: বিকাল -০৫.০০ টা হতে ২৮/০৯/২০১৯ খ্রি: রাত-১২.০০ টা।

(খ) Online- এ আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 300 KB হতে হবে।

(গ) বিভাগীয়/জেলা/উপজেলা পর্যায়ে (যাহার জন্য যা প্রযোজ্য) আবেদনপত্রের প্রিন্ট কপি জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ২৯/০৯/২০১৯খ্রি: বিকাল-৪.০০ টা।

০২। Online- এ আবেদন করে আবেদনপত্রের প্রিন্ট কপিতে প্রার্থীর স্বহস্তে স্বাক্ষর পূর্বক ০২ (দুই) কপি মূল আবেদনপত্র প্রার্থী যে উপজেলায় প্রশিক্ষণ গ্রহণ করতে ইচ্ছুক, সেই উপজেলার উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে এবং জেলা ও বিভাগীয় পর্যায়ের প্রশিক্ষণের ক্ষেত্রে মূল আবেদনপত্র সংশ্লিষ্ট জেলার উপ-পরিচালক/জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে দাখিল করতে হবে। তা না হলে আবেদন গ্রহণযোগ্য হবে না।

০৩। এখানে উল্লেখ্য যে Online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্র প্রিন্ট কপি উপ-পরিচালক/জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় অথবা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে জমা না দেয়া পর্যন্ত কোন অবস্থাতেই আবেদনপত্র বিবেচনাযোগ্য হবে না। ছবি এবং স্বাক্ষরবিহীন কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০৪। বিজ্ঞপ্তিতে বর্ণিত আসন সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা ট্রেড বাতিল/ সংশোধন বা সংযোজন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৫। **প্রশিক্ষণার্থী বাছাই ও ভর্তির ক্ষেত্রে জেলা ও উপজেলা প্রশিক্ষণার্থী নির্বাচন/বাছাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।** কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় প্রশিক্ষণার্থীর ভর্তি প্রক্রিয়া স্থগিত/ বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

০৬। সফলভাবে প্রশিক্ষণ শেষে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রতিদিনের হাজিরার জন্য ১০০/- (একশত) টাকা করে ৬০ (ষাট) দিনের প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।
০৭। **আবেদনপত্র বাংলায় পূরণ করতে হবে (কেবলমাত্র ইংরেজীতে পূরণের নির্দেশনা ব্যতিরেকে)।**

১৮/৯/২০১৯

(শফিকুজ্জামান)
যুগ্মসচিব
ও
প্রকল্প পরিচালক
মোবাইলঃ ০১৫৫০-০২০৩০৩

F-Jony-IGA-Letter